



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

তথ্য ও গণসংযোগবিভাগ

গাজীপুর-১৭০৫ ফোন-৯২৯১১১৯



প্রেস বিজ্ঞপ্তি

০৬ জানুয়ারি ২০২২

বাউবিতে খসড়া সিটিজেন চার্টার চূড়ান্তকরণ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের সেবা প্রদান নিশ্চিত করণের লক্ষে খসড়া সিটিজেন চার্টার চূড়ান্তকরণ শীর্ষক এক কর্মশালা ০৬ জানুয়ারি ২০২২ বৃহস্পতিবার বাউবি'র গাজীপুরস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউবি'র প্রো-উপাচার্য প্রশাসন ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক ড. নাসিম বানু। তিনি বলেন সিটিজেন চার্টার বাস্তবায়িত হলে শিক্ষার্থীগণ সহজেই তাদের অভিষ্ট লক্ষ্য অর্জনে বাউবি'র ভূমিকা সম্পর্কে অবহিত হতে পারবেন। আলোচনায় অংশ নেন বাউবি'র ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক সুফিয়া বেগম এবং স্কুল অব এডুকেশনের অধ্যাপক ও শিক্ষক সমিতির সভাপতি মো. আনোয়ারুল ইসলাম। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কর্মপ্রবাহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সিটিজেন চার্টারের গুরুত্ব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন স্কুলের ডিনগণ পাওয়ার পয়েন্টের মাধ্যমে নিজনিজ স্কুলের সিটিজেন চার্টার উপস্থাপন করেন।

০৬.০১.২০২২

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪